

আমার নয়ন-ভুলানো এলে,
 আমি কী হেরিলাম হৃদয় মেলে ॥
 শিউলিতলার পাশে পাশে ঝরা ফুলের রাশে রাশে
 শিশির-ভেজা ঘাসে ঘাসে অরুণরাঙা চরণ ফেলে
 নয়ন-ভুলানো এলে ॥
 আলোছায়ার আঁচলখানি লুটিয়ে পড়ে বনে বনে,
 ফুলগুলি ওই মুখে চেয়ে কী কথা কয় মনে মনে ॥
 তোমায় মোরা করব বরণ, মুখের ঢাকা করো হরণ,
 ওইটুকু ওই মেঘাবরণ দু হাত দিয়ে ফেলো ঠেলে ॥
 বনদেবীর দ্বারে দ্বারে শুনি গভীর শঙ্খধ্বনি,
 আকাশবীণার তারে তারে জাগে তোমার আগমনী ।
 কোথায় সোনার নূপুর বাজে, বুঝি আমার হিয়ার মাঝে
 সকল ভাবে সকল কাজে পাষণ-গালা সুধা ঢেলে -
 নয়ন-ভুলানো এলে ॥

Parjaay: Prakriti / Sharat, Taal: Dadra, Style: Chhayanat-Baul
 Visit www.geetabitan.com for notation and other detail